# রংপুর সিটি কর্পোরেশন।

সাধারণ শাখা

www.rpcc.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং - ৪৬.১৮.০০০০.১০১.

তারিখ ঃ ১৪২৯ বঙ্গাব্দ / ২০২৩ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে সম্মানিত কাউন্সিলরবৃন্দ ও সকল কর্মকর্তা কর্মকর্তা/ কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২১/০২/২০২৩ইং তারিখ মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে কেন্দ্রীয় শহিদ মিনারে ২০/০২/২০২৩ইং তারিখ দিবাগত রাত ১২:০১মিঃ নিম্নস্বাক্ষরকারীর নেতৃত্বে পুষ্পমাল্য অর্পণ করা হবে।

০২। এ লক্ষ্যে আগামী ২০/০২/২০২৩ইং তারিখ রোজ সোমবার রাত ১১:০০ টায় সম্মানিত কাউন্সিলর ও সকল কর্মকর্তা / কর্মচারীগণকে সিটি কর্পোরেশন কার্যালয়ে উপস্থিত থাকার জন্য বলা হলো।

০৩। মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ২১/০২/২০২৩ইং তারিখ সকাল ১১:০০টায় এ কার্যালয়ের সভাকক্ষে দোয়া ও মাহফিলে অংশগ্রহণের জন্য বলা হলো।

..........................................................

..........................................................

..........................................................

স্বাঃ/

মোঃ মোস্তাফিজার রহমান
মেয়র
রংপুর সিটি কর্পোরেশন।
ফোন ঃ ০৫২১-৬৫১৮৬
ফ্যাক্স ঃ ০৫২১- ৫৫৯৬০
ই-মেইলঃ mayor@rpcc.gov.bd

স্মারক নং - ৪৬.১৮.০০০০.১০১. ৯০.০০১.২৩ - ৪০৫২

তারিখ ঃ ০৫ ফাল্গুন. ১৪২৯ বঙ্গাব্দ / ১৯ ফেব্রুয়ারী ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
২। সচিব, রংপুর সিটি কর্পোরেশন।
৩। প্রধান রাজস্ব কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৪। প্রধান সম্পত্তি কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৫। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রংপুর সিটি কর্পোরেশন।
৬। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), রংপুর সিটি কর্পোরেশন।
৮। নির্বাহী প্রকৌশলী , রংপুর সিটি কর্পোরেশন।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (চঃ দাঃ), রংপুর সিটি কর্পোরেশন।
১০। নগর পরিকল্পনাবিদ, রংপুর সিটি কর্পোরেশন।
১১। বস্তি উন্নয়ন কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
১২। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশন। (নোটিশের বিষয়বস্তু Web site এ upload এবং ম্যাসেজ আকারে সদস্যদের অবহিত করার জন্য বলা হলো)।
১৩। সহকারী প্রকৌশলী (অঃদাঃ ) পানি সরবরাহ শাখা, রংপুর সিটি কর্পোরেশন।
১৪। ................................................................ রংপুর সিটি কর্পোরেশন।
১৪। শাখা প্রধান (সকল), রংপুর সিটি কর্পোরেশন।
১৫। অফিস নথি।

পৃথক সাদা কাগজে আপনার অধীনস্থ কর্মকর্তা/ কর্মচারির হাজিরা নেয়ার জন্য ও এ সংক্রান্ত প্রতিবেদন সাধারণ শাখায় জমা দেয়ার জন্য বলা হলো।

১৯/০২/২৩

মোঃ মোস্তাফিজার রহমান
মেয়র
রংপুর সিটি কর্পোরেশন।
ফোন ঃ ০৫২১-৬৫১৮৬
ফ্যাক্স ঃ ০৫২১- ৫৫৯৬০
ই-মেইলঃ mayor@rpcc.gov.bd

# রংপুর সিটি কর্পোরেশন।

সাধারণ শাখা
www.rpcc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরনীঃ

সভাপতি ঃ জনাব মোঃ রুহুল আমিন মিঞা
প্রধান নির্বাহী কর্মকর্তা
রংপুর সিটি কর্পোরেশন।

সভার তারিখ ও সময় ঃ ১৩/০২/২০২৩, সোমবার, সকাল ঃ ১২:০০টা
সভার স্থান ঃ রংপুর সিটি কর্পোরেশন সভা কক্ষ।
উপস্থিতি ঃ সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"।

সভার প্রারম্ভে সভাপতি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা, কাউন্সিলরবৃন্দ ও অন্যান্য সকল কর্মকর্তা/ কর্মচারীকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কর্যক্রম শুরু করেন। অতপর ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সকল ভাষা শহিদগণের প্রতি শ্রদ্ধা স্থাপনের উদ্দেশ্যে এক মিনিট নিরবতা পালন করা হয়। পরবর্তীতে সচিব, রংপুর সিটি কর্পোরেশনকে সভাটি পরিচালনার জন্য অনুরোধ জানান। তিনি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের গুরুত্ব ও তাৎপর্য উল্লেখ করে দিবসের প্রতিটি কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন এবং শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন সংক্রান্ত সরকারি ও জেলা পর্যায়ের কর্মসূচি সমূহ সকলকে পাঠ করে শোনান। উপস্থিত সবার বক্তব্য ও পরামর্শক্রমে সরকারি ও জেলা পর্যায়ে কর্মসূচির সাথে সমন্বয় রেখে নিম্লোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

২১/০২/২০২৩ খ্রিঃ শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের বিস্তারিত কর্মসূচি নিম্নরূপঃ

| ক্র. নং | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২১ফেব্রুয়ারী ২০২৩ ০০.০১ ঘটিকা (২০ ফেব্রুয়ারী ২০২৩ ইং দিবাগত রাত ০০.০১ ঘটিকা) | ক) পুষ্প স্তবক অর্পণ | ক) কেন্দ্রীয় শহীদ মিনার চত্বর | ক) সচিব, রংপুর সিটি কর্পোরেশন।<br>খ) প্রশাসনিক কর্মকর্তা।<br>গ) এস এম ফারুক হোসেন, অফিস সহকারী, সাধারণ শাখা।<br>ঘ) মোঃ ফরহাদ হোসেন, অফিস সহকারী, সাধারণ শাখা।<br>রংপুর সিটি কর্পোরেশন। |
| ২ | ২১ ফেব্রুয়ারী ২০২৩ (বেলা- ১১.০০ ঘটিকা) | আলোচনা সভা ও দোয়া মাহফিল | রংপুর সিটি কর্পোরেশন সভা কক্ষ | ক) জনাব মোঃ মাহাবুবার রহমান মঞ্জু কাউন্সিলর, ওয়ার্ড নং- ২১<br>খ) জনাব মোছাঃ জাহেদা আনোয়ারী লাকী, সংরক্ষিত কাউন্সিলর, আসর্ন নং- ৬<br>গ) জনাব মোছাঃ হাসনা বানু সংরক্ষিত কাউন্সিলর, আসর্ন নং- ৮ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | ২০ ফেব্রুয়ারী ২০২৩ ইং তারিখ সন্ধ্যা হতে ২১ ফেব্রুয়ারী ২০২৩ ইং তারিখ পর্যন্ত । | ডিসির মোড়, পায়রা চত্বর, শাপলা চত্বরে পানির ফোয়ারাগুলো চালু রাখতে হবে | ডিসির মোড়, পায়রা চত্বর, শাপলা চত্বর। | জনাব মোঃ রফিকুল ইসলাম উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ ও পানি) |
| ৪ | ২০ ফেব্রুয়ারী ২০২৩ ইং (সন্ধ্যা থেকে ২১ ফেব্রুয়ারী ২০২৩ ইং তারিখ পর্যন্ত | কেন্দ্রীয় শহিদ মিনার সহ টাউন হল প্রাঙ্গন, মাহিগঞ্জ শহীদ মিনার ও সাতমাথা শহিদ মিনারে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করতে হবে। | কেন্দ্রীয় শহিদ মিনার সহ টাউন হল প্রাঙ্গন, মাহিগঞ্জ শহীদ মিনার ও সাতমাথা শহিদ মিনার | জনাব মোঃ রফিকুল ইসলাম উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) |
| ৫ | ২০ ফেব্রুয়ারী ২০২৩ ইং (সন্ধ্যা থেকে ২১ ফেব্রুয়ারী ২০২৩ ইং তারিখ পর্যন্ত) | কেন্দ্রীয় শহিদ মিনার এর মেইন গেইট ও বাউন্ডারী ওয়াল(প্রিন্স হোটেলের পূর্ব দিক থেকে রংপুর উচ্চ বিদ্যালয় পর্যন্ত) রং করণ এবং একটি প্রবেশ গেইট ও একটি বহির্গমন গেইট অস্থায়ীভাবে তৈরীসহ প্যান্ডেল নির্মাণ, প্রয়োজনীয় সংখ্যক আসনের ব্যবস্থা এবং মটর সাইকেল, বাইসাইকেল রাখার জন্য আলাদা গ্যারেজ সাময়িকভাবে স্থাপন করণ। | রংপুর সিটি কর্পোরেশন | জনাব মোঃ সাজ্জাদুর রহমান, সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) |
| ৬ | ২০ ফেব্রুয়ারী ২০২৩ তারিখ | কেন্দ্রীয় শহিদ মিনার এর পার্শ্বে ভাষা সৈনিকদের প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য ছোট্ট পরিসরে স্টেজ নির্মাণ। | রংপুর সিটি কর্পোরেশন | জনাব মোঃ সাজ্জাদুর রহমান, সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) |

এছাড়া কর্মসূচী সমূহ যথাযোগ্য মর্যাদার সাথে পালনের লক্ষ্যে নিম্নোক্তভাবে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

১। জনাব মো: মাহমুদুর রহমান টিটু, সম্মানিত কাউন্সিলরবৃন্দকে গৃহীত কর্মসূচীতে উপস্থিতির বিষয়টি নিশ্চিত করবেন।

২। প্রশাসনিক কর্মকর্তা সকল কর্মকর্তা, সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা/ কর্মচারীকে গৃহীত কর্মসূচীতে অংশ গ্রহন নিশ্চিত করবেন।

৩। সহকারী পরিচ্ছন্ন কর্মকর্তা, বর্জ্য ও ব্যবস্থাপনা শাখা, রংপুর সিটি কর্পোরেশন কেন্দ্রীয় শহীদ মিনারসহ আশপাশ পরিষ্কার পরিচ্ছন্নতা রাখবেন।

৪। উপ- সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), রংপুর সিটি কর্পোরেশন কেন্দ্রীয় শহিদ মিনারে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করবেন।

৫। প্রয়োজনীয় ফেস্টুন,ব্যানার বিলবোর্ড তৈরী ও প্রচারের ব্যবস্থা জেলা প্রশাসকের সঙ্গে সমন্বয় করে বাস্তবায়ন করবেন- সহঃ প্রোগ্রামার।

৬। পুষ্পমাল্য প্রস্তুত করবেন- প্রশাসনিক কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।

৭। অনুষ্ঠানসূচী ধারাভাষ্য করবেন- জনাব মোঃ তৌহিদুল ইসলাম, কাউন্সিলর, ওয়ার্ড নং- ২০ এবং জনাব মো: মাগফুর হোসেন রিপন, সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, রংপুর সরকারী কলেজ, ও জনাব মোঃ ইউসুফ আলী সরকার মান্না, উপস্থাপক, রংপুর সিটি কর্পোরেশন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ ইং যথাযোগ্য মর্যাদায় উদযাপনে সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:

মোঃ রুহুল আমিন মিঞা
পরিচিতি নং-(১৫৩৪৬)
প্রধান নির্বাহী কর্মকর্তা
রংপুর সিটি কর্পোরেশন।
ফোন ঃ ০৫২১-৬৪৯৪২
ফ্যাক্স ঃ ০৫২১- ৫৫৯৭০
ই-মেইলঃ ceo@rpcc.gov.bd.

স্মারক নং - ৪৬.১৮.০০০০.১০১.০২.০০২.২৩-৪০২৪ তারিখ ঃ ১১ই ফাল্গুন ১৪২৯বঙ্গাব্দ / ২৪ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি ঃ

১। সচিব, রংপুর সিটি কর্পোরেশন।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর সিটি কর্পোরেশন।
৩। নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), রংপুর সিটি কর্পোরেশন।
৪। উপসহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), রংপুর সিটি কর্পোরেশন।
৫। প্রশাসনিক কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৬। সহকারী প্রোগামার, রংপুর সিটি কর্পোরেশন।
৭। অফিস নথি।

মোঃ রুহুল আমিন মিঞা
পরিচিতি নং-(১৫৩৪৬)
প্রধান নির্বাহী কর্মকর্তা
রংপুর সিটি কর্পোরেশন।
ফোন ঃ ০৫২১-৬৪৯৪২
ফ্যাক্স ঃ ০৫২১- ৫৫৯৭০
ই-মেইলঃ ceo@rpcc.gov.bd.